ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ফের ডিপফেক ভিডিওর শিকার আলিয়া ভাট!

পৃঃ ৫



প্যারিস অলিম্পিকসে এমবাপেকে পাওয়া যাবে না

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭০ ● কলকাতা ● ০৮ আষাঢ়, ১৪৩১ ● রবিবার ● ২৩ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## নতুন করে পঞ্চাশ হাজার মানুষকে

# বার্ধক্য ভাতা দিচ্ছে রাজ্য সরকার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তৃণমূল ক্ষমতায় আসার পর থেকেই একাধিক জনকল্যাণমূলক প্রকল্পের সূচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পশ্চিমবঙ্গ সরকারের জনদরদী প্রকল্পগুলির মধ্যে অন্যতম একটি হল বার্ধক্য ভাতা । রাজ্যের বিভিন্ন স্তরের মানুষের জন্য বিভিন্ন ধরণের প্রকল্প রয়েছে সরকারের। তথ্য অনুযায়ী, রাজ্যের কোষাগাড় থেকে মোট ১৫০ কোটি টাকা বার্ধক্য ভাতার জন্য জন্য খরচ করা হয়ে থাকে। এবার সেই প্রকল্পে জুড়ছে আরও ৫০ হাজার বৃদ্ধ-বৃদ্ধাদের নাম। সূত্রের খবর অনুযায়ী, আরও ৫০ হাজার বৃদ্ধ-বৃদ্ধাদের বার্ধক্য ভাতার সুবিধা পৌঁছে দিতে ইতিমধ্যেই পদক্ষেপ শুরু করেছে রাজ্য সরকার। তেমনই বার্ধক্য ভাতার মাধ্যমে ৬০ বছর বয়সের ঊর্ধ্বে রাজ্যের মানুষকে মাসিক এক হাজার টাকা করে ভাতা দেয় রাজ্য। বয়স্ক ব্যক্তিদের আর্থিক সুবিধা প্রদানের প্রকল্প হল বার্ধক্য ভাতা।

পরিসংখ্যান বলছে, বর্তমানে রাজ্য সরকারের এই ভাতা বর্তমানে বাংলার ২০ লাখ ১৫ হাজার মানুষ পেয়ে থাকেন। কিন্তু এবার এই সংখ্যা পৌঁছবে প্রায় ২০ লক্ষ ৬৫ হাজারে। খুব শীঘ্রই আরও ৫০ হাজার বৃদ্ধ-বৃদ্ধাদের নতুন করে এই প্রকল্পের সুবিধা দিতে চলেছে রাজ্য সরকার। অর্থাৎ এবার রাজ্য সরকারের এই জনপ্রিয় প্রকল্পে সুবিধাভোগীদের সংখ্যা বাড়ানো হবে।

বাংলার ৬০ থেকে ৮০ বছর বয়সী বার্ধক্য ভাতা প্রাপকদের জন্য কেন্দ্র কিছুটা অর্থ সাহায্য প্রদান করে থাকে। কেন্দ্রের তরফে ২০০ টাকা দেওয়া হয়। বাকিটা দেয় রাজ্য। তবে জানা যাচ্ছে, কেন্দ্রের কাছে রাজ্যের এখনো ১.৫ লক্ষ টাকা প্রাপ্য রয়েছে। এর মধ্যেই এবার সেই প্রকল্পে বাড়ছে সুবিধাভোগীদের সংখ্যা।

বার্ধক্য ভাতা প্রকল্পে দুয়ারে সরকার ক্যাম্পের মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উপভোক্তা বাড়ানোর জন্য ইতিমধ্যেই সরকারি পোর্টালে সুবিধাভোগীদের নাম নথিভুক্ত করার কাজ শুরু হয়েছে। খুব শীঘ্রই সমস্ত প্রক্রিয়া শেষ হবে।

## দুই দিনের সফরে ভারতে এলেন

# বাংলাদেশের প্রধানমন্ত্রী



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** ভারতবর্ষের যশোশ্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে দুদিনের সফরে ভারতে এসে পৌঁছালেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে দুই দেশ অর্থাৎ ভারত ও বাংলাদেশের মধ্যে পড়শীদের নিয়ে একটি বৈঠক হয় এরপর আজ সন্ধ্যায় দুই দেশের প্রধানমন্ত্রী ভারত বাংলাদেশ টি-২০ বিশ্বকাপে টুর্নামেন্টের খেলায় অংশ নেবেন। লোকসভা নির্বাচনের পর ভারতবর্ষে এই নিয়ে দ্বিতীয় বার পা রাখলেন শেখ হাসিনা। লোকসভা নির্বাচনের পর এই দুই দেশের দুই প্রধানমন্ত্রী এই নিয়ে দুইবার মুখোমুখি হলে।

# টাকা থাকলে সব সম্ভব

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টাকা থাকলে সব সম্ভব। এমনটাই ধারণা অনেক ধনী ব্যক্তিদের। আর সেই টাকার জোরেই তারা অসম্ভবকে সম্ভব করার চেষ্টা করেন। নিট দুর্নীতিতেও কিছুটা এমনই হয়েছে। টাকার কাছে হার মেনেছে মেধা। পরীক্ষার আগেই ৩০-৩২ লক্ষ টাকায় বিক্রি হয়েছে প্রশ্নপত্র। উত্তর কী লিখতে হবে, তাও শিখিয়ে দেওয়া হয়েছিল পরীক্ষার্থীদের। গোধরার ডেপুটি সুপারিন্টেডেন্ট এনভি পটেল বলেন, "নিট মামলায় জিজ্ঞাসাবাদের জন্য বৃহস্পতিবার অভিযুক্ত পড়ুয়াদের অভিভাবকদের সমন পাঠানো হয়েছিল, কিন্তু তারা হাজিরা দেননি। আবার সমন পাঠানো হবে।" জানা গিয়েছে, গুজরাটের গোধরার জয় জলরাম স্কুলে একাধিক পরীক্ষার্থীর উত্তরপত্র পরীক্ষকরাই পূরণ করে দিয়েছিলেন বলে অভিযোগ।

এরপর ৩ পাতায়

## বরানগর বিধানসভা কেন্দ্রে

# উপনির্বাচনে জয়ী বিধায়ক সায়ন্তিকার শপথ গ্রহণ ঘিরে জটিলতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে ফের ভোট। ১০ জুলাই রাজ্যে উপনির্বাচন। এরই মধ্যে বরানগর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে জয়ী বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের শপথগ্রহণ ঘিরে জটিলতা তৈরি হয়েছে। সূত্রের খবর, রাজভবন থেকে একটি চিঠি দেওয়া হয় সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়কে। সেই চিঠিতে ২৬ জুন দুপুর সাড়ে ১২টায় রাজভবনে ডেকে পাঠানো হয়েছে নব নির্বাচিত বিধায়ক সায়ন্তিকাকে। কিন্তু কে শপথবাক্য পাঠ করাবেন চিঠিতে সেই নাম উল্লেখ নেই, তাই জটিলতা তৈরি হয়েছে সায়ন্তিকার শপথ নিয়ে। শুধু তাই নয়, এই চিঠির বিষয়ে সঠিক কোনও তথ্য নেই বিধানসভার কাছে। এর আগে বিধানসভার সচিবালয়ের তরফে দুই নব নির্বাচিত বিধায়কের শপথ নিয়ে রাজভবনে চিঠি পাঠানো হয়েছিল। বেশ কয়েক দিন পর সেই চিঠির জবাব যায় রাজভবন থেকে। তবে সচিবের কাছে পাঠানো চিঠিতে শপথ কবে, কী ভাবে হবে, সেই সব নিয়ে কোনও কিছু উল্লেখ করা হয়নি রাজভবনের তরফে। বরানগরের সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার রেয়াত হোসেন- দুই নব নির্বাচিত বিধায়কের শপথ গ্রহণ নিয়ে চলছে টালবাহানা। এখন সেদিকেই তাকিয়ে রাজনৈতিক বিশেষজ্ঞরা।






## মহা সমারোহে হুগলির শ্রীরামপুর

# মাহেশে পালিত হল জগন্নাথ দেবের স্নানযাত্রা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : মোক্ষ যোগে মাহেশে পালিত হলো জগন্নাথ দেবের স্নান যাত্রা। প্রায় ৪৭ বছর পর আবার পুনরায় মুখ্য যোগে অনুষ্ঠিত হলো জগন্নাথ দেবের স্নানযাত্রা। আজ ভোর বেলা ৫.৩০ মিনিটে জগন্নাথ দেবকে বার করে স্নান করানো হয়। ও সারাদিন সকলের মাঝে থেকে পুজো নেবেন জগন্নাথ বলরাম এবং সুভদ্রা। সারাদিন পূজো নেওয়ার পর তাদের জ্বর আসবে সেই কারণে তারা গজ বেশে আবার তাদেরকে সন্ধ্যেবেলা মন্দিরের গর্ভে ঢুকিয়ে গেট বন্ধ করে দেওয়া হবে,একই সাথে তাদের চিকিৎসা শুরু হবে। আবার পুনরায় আগামী ৭ জুলাই অর্থাৎ ১৫ দিন পর রথযাত্রার দিন গর্ভ গৃহ থেকে সকলের মাঝে বেরোবেন জগন্নাথ দেব এদিন মহা ধুমধাম এর সঙ্গে বিভিন্ন রীতিনীতি মেনে ২৮ ঘড়া গঙ্গার জল এবং দেড় মোন দুধ দিয়ে জগন্নাথ দেবকে স্নান করানো হয়। পুরুষ ও মহিলা সকলেই এই স্নানযাত্রায় অংশ নেয়। জগন্নাথ ট্রাস্টি বোর্ডের সম্পাদক ও প্রধান সেবাইত পিয়াল অধিকারী বলেন নীলাচল এবং মহেশে কোনরকম অম্ববচী হয় না। বিধবা মহিলারাও এইখানে অংশ নিয়ে ভোগ গ্রহণ করে। ৭ জুলাই মাহেশে ৬২৮ তম রথযাত্রা উৎসব পালন করা হবে। সকাল বেলা ৮:৪৫ মিনিটে অম্বুবাচী পড়েছে তাই তার আগেই স্নান করানো হয় জগন্নাথ দেবকে।

## দেবীর ৫১ টি শক্তিপীঠের মধ্যে একটি কামাখ্যা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য আসাম শুধুমাত্র কামাখ্যা শক্তিপীঠের জন্য সারা বিশ্বে বিখ্যাত, দেবীর ৫১ টি শক্তিপীঠের মধ্যে একটি। এখানকার নৈবেদ্য এবং এর সঙ্গে সম্পর্কিত বিশ্বাসগুলি এই মন্দিরটিকে বিশেষ করে তোলে। মহিলাদের ঋতুস্রাব সংক্রান্ত অনেক নিষেধাজ্ঞা থাকলেও এই মন্দিরে মায়ের ঋতুস্রাব পালিত হয়।কামাখ্যা মন্দিরের তিনটি অংশ রয়েছে। প্রথম অংশটি সবচেয়ে বড়, এখানে সবাই যেতে পারে না। দ্বিতীয় অংশে মাকে দেখা যায়। এখানে একটি পুকুরের মতো পাথর রয়েছে, যেখান থেকে অবিরাম জল প্রবাহিত হচ্ছে। কামাখ্যা মন্দির নিজের মধ্যে অনেক রহস্য ধারণ করে। ধারণা করা হয়, জুন মাসে (আষাঢ়) মায়ের ঋতুস্রাবের কারণে এখানে প্রবাহিত ব্রহ্মপুত্র নদ লাল হয়ে যায়। অম্বুবাচী উৎসব যখন উদযাপন করা হয় যখন মন্দিরের দরজা বন্ধ থাকে, তিন দিন পর আবার খোলা হয় দরজা। এই সময় বিশ্বের সমস্ত তান্ত্রিক, যোগী ও সিদ্ধ পুরুষ একত্রিত হয়। বলা হয় যে এই উৎসব তাদের আধ্যাত্মিক অনুশীলনের জন্য একটি আশীর্বাদ। এটি একটি জনপ্রিয় বিশ্বাস যে দেবী কামাখ্যার ঋতুস্রাব তিন দিন স্থায়ী হয় এবং এই সময়ে কামাখ্যা মন্দিরের দরজা ভক্তদের জন্য বন্ধ থাকে। এখানে অম্বুবাচীর পর একটি লাল রঙের ভেজা কাপড় ভক্তদের প্রসাদ হিসেবে দেওয়া হয়। কথিত আছে যে, মা এর যখন তিনদিন মাসিক হয় তখন ভিতরে সাদা রঙের কাপড় বিছিয়ে দেওয়া থাকে। মন্দিরের দরজা খুললে এই কাপড় লাল ও ভেজা থাকে। একে অম্বুবাচী বস্ত্র বলে।নীলাচল পাহাড়ে অবস্থিত এই মন্দিরে কোনও দেবী মূর্তি নেই।

আসামের গুয়াহাটির নীলাঞ্চল পাহাড়ে অবস্থিত কামাখ্যা শক্তিপীঠ মন্দিরের উৎপত্তির ইতিহাসও অনন্য। পুরাণ অনুসারে, দেবী সতীর দেহের অঙ্গ, যে যে স্থানে পড়েছিল, তাদের বলা হয় শক্তিপীঠ। দেবী ভাগবতে ১০৮ টি শক্তিপীঠ, দেবী গীতায় ৭২ টি শক্তিপীঠ এবং দেবী পুরাণে ৫১ টি শক্তিপীঠ এর উল্লেখ রয়েছে। কামাখ্যা ১০৮ টি শক্তিপীঠের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ এবং ১৮ টি মহাশক্তি পীঠগুলির মধ্যে একটি হিসাবে বিবেচিত হয়। এই মন্দিরের উৎপত্তি অষ্টম শতাব্দী থেকে

এরপর ৩ পাতায়

## চন্দননগর পুলিশ কমিশনারেট ও পিয়ারাপুর স্পেস ইন্ডাস্ট্রিয়াল পার্কের

# যৌথ উদ্যোগে বাতি স্তম্ভের উদ্বোধন শ্রীরামপুরে



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন** : হুগলি জেলার শ্রীরামপুর সংলগ্ন দিল্লি রোডে, পিয়ারাপুর বেলু মোড় থেকে পিয়ারাপুর টোল ট্যাক্স পর্যন্ত দেড় কিলোমিটার রাস্তায় ৪১ টি পথ বাতির উদ্বোধন করলেন চন্দননগরের পুলিশ কমিশনারের অমিত পি জগলভি। এই দিন বেলু মোড়ে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে এই বাতি স্তম্ভ গুলির উদ্বোধন হল। অনুষ্ঠানে চন্দননগরের পুলিশ কমিশনার অমিত পি জগলভি ছাড়াও উপস্থিত ছিলেন এসিপি ২ শুভঙ্কর বিশ্বাস, ডিসিপি অর্ণব বিশ্বাস,এসিপি ট্রাফিক দেবাশীষ সরকার, এসিপি ট্রাফিক ওয়ান আবিদ হোসেন, ডিএমডিসি সমীরণ ভট্টাচার্য সহ হুগলি জেলার উচ্চপদস্থ পুলিশ আধিকারিকরা। এই অনুষ্ঠানে সিপি অমিত পি জগলভি বলেন, দীর্ঘদিন ধরেই এই রাস্তা অন্ধকারাচ্ছন্ন ছিল ডানকুনির দিক থেকে আসা বহু গাড়ি দ্রুত গতিতে আসার ফলে এই বেলু মোড়ে রাস্তা পারাপারের সময় প্রায়শই দুর্ঘটনা লেগেই থাকত। চন্দননগর পুলিশ কমিশনারেট ও পিয়ারপুর স্পেস ইন্ডাস্ট্রিয়াল পার্ক প্রাইভেট লিমিটেডের যৌথ উদ্যোগে এই রাস্তা আলোকিত হবার ফলে আগামী দিনে এই অঞ্চলে দুর্ঘটনা কিছুটা হলেও কমবে বলে তিনি বিশ্বাস করেন। তিনি আরও জানান দিল্লি রোডের উপর দিয়ে টোটো চালানো একদমই বেআইনি তাই আগামী দিনে দিল্লি রোডের ওপর কোনোভাবেই চন্দননগর পুলিশ কমিশনারেট, টোটো চালাতে না দেওয়ায় ব্যাপারে বদ্ধপরিকর, এছাড়াও তিনি জানান দিল্লি রোডের ওপরে দুপাশে যেখানে সেখানে বেআইনি পার্কিংয়ের ব্যাপারে পুলিশ প্রশাসন খুবই সতর্ক, নির্দিষ্ট জায়গা ছাড়া যাতে কোন পার্কিং না হয় সেদিকেও প্রশাসনের নজর রয়েছে বলেও তিনি জানান।









## এলিট প্রো বাস্কেটবল এবং এলিট মহিলা

# প্রো বাস্কেটবল দ্বারা আয়োজিত কলেজিয়েট লেম শোডাউন লিগ গতকাল কলকাতায় শুরু হলো



**কলকাতা, ২১ জুন, ২০২৪ : নিউজ সারাদিন** : কলকাতার বেহালায় অবস্থিত ইস্টার্ন রেলওয়ে স্পোর্টস অ্যাসোসিয়েশন বাস্কেটবল কোর্টে অনুষ্ঠিত প্রথম মৌসুমে ৩০০ টিরও বেশি তরুণ বাস্কেটবল খেলোয়াড়ের অংশগ্রহণের প্রত্যাশিত কলেজিয়েট স্ল্যাম শোডাউন (সিএসএস) এর কলকাতা লিগ গতকাল শুরু হয়েছে। এই টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য ভারতের পূর্বাঞ্চলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে প্রতিভা এবং ভবিষ্যতের উঠতি বাস্কেটবল তারকাদের একটি প্রদর্শনের সাক্ষী হতে এই চ্যাম্পিয়নশিপ সেট করা হয়েছে।

ইভেন্টটি সম্পর্কে মন্তব্য করতে গিয়ে, এলিট প্রো বাস্কেটবল লিগের প্রধান নির্বাহী কর্মকর্তা প্রণব প্রভু বলেছেন, "আমরা কলকাতায় কলেজিয়েট স্ল্যাম শোডাউনের কলকাতা পর্বটি খুব উত্তেজনাপূর্ণ ছিল এবং আমরা ইতিমধ্যেই "আমরা" তরুণ তারকাদের মধ্যে প্রচুর সম্ভাবনা দেখতে পাচ্ছি আমরা পেশাদার বাস্কেটবলের দিকে তাদের যাত্রাকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

কলেজিয়েট স্ল্যাম শোডাউন হল একটি উন্মুক্ত বাস্কেটবল টুর্নামেন্ট যার লক্ষ্য হল তরুণ বাস্কেটবল খেলোয়াড়দের পেশাদার স্তরে পৌঁছানোর জন্য একটি কাঠামোগত পথ প্রদান করা। এটি চারটি অঞ্চলে বিভক্ত - উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম। কলেজিয়েট স্ল্যাম শোডাউনে পুরুষ এবং মহিলা উভয় বিভাগ রয়েছে, যেখানে খেলোয়াড়রা তাদের নিজ নিজ অঞ্চলের মধ্যে উন্মুক্ত দল তৈরি করতে পারে, একাধিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একত্রিত করে। ভারত জুড়ে মোট ১৮০টি পুরুষ দল এবং ৬০টি মহিলা দল অংশগ্রহণ করছে। আজ থেকে কলকাতায় শুরু হওয়া এই টুর্নামেন্টে ৩২টি পুরুষ দল এবং ১৮টি মহিলা দল অংশগ্রহণ করবে। জোনাল চ্যাম্পিয়নশিপের পর, প্রতিটি জোনের বিজয়ীরা জাতীয় চ্যাম্পিয়নশিপে প্রতিদ্বন্দ্বিতা করবে এবং চূড়ান্ত শিরোপা জয়ের জন্য লড়াই করবে।

সাউথ জোন চ্যাম্পিয়নশিপ ইতিমধ্যেই শেষ হয়েছে, এবং এখন টুর্নামেন্টের অগ্রগতির সাথে সাথে সকলের চোখ ইস্ট জোনের দিকে। প্রতিটি জোনে কলেজ এবং বিশ্ববিদ্যালয় থেকে সাড়া তরুণদের মধ্যে বাস্কেটবলের প্রতি ক্রমবর্ধমান আগ্রহ এবং অংশগ্রহণকে দেখায়।

## পথ দূর্ঘটনায় মৃত্যু নকশালবাড়ি থানার কর্মরত পুলিশের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পথ দূর্ঘটনায় মৃত্যু নকশালবাড়ি থানার কর্মরত কনস্টেবল রঞ্জিত বর্মনকে গার্ড অফ অনার প্রদান করে শেষ শ্রদ্ধা নিবেদন করল নকশালবাড়ি থানা। এদিন উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে পার্থিব শরীর থানার আসার পর জেলা পুলিশের সম্মাননার মাধ্যমে শেষ শ্রদ্ধা জানানো হয়। উপস্থিত ছিলেন নকশালবাড়ি সিআই সৈকত ভদ্র, নকশালবাড়ি থানার আধিকারিকরা। শেষ শ্রদ্ধা জানানোর পর বাড়ির উদ্দেশ্যে রওনা দেয় রঞ্জিতের পার্থিব শরীর। এক বছরের বেশি সময় ধরে নকশালবাড়ি থানায় কর্মরত ছিলেন রঞ্জিত। গতকাল রাতে নকশালবাড়ির ভাঙাপুলে চার চাকার গাড়ির ধাক্কায় মৃত্যু হয় রঞ্জিতের।

## স্নানযাত্রা উপলক্ষে মহা সমারোহে পালিত হচ্ছে

# মা পোড়ামা-র বার্ষিক অনুষ্ঠান

**নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন** : তীর্থ নগরী নদীয়ার নবদ্বীপ শহরে প্রানকেন্দ্র পোড়ামাতলায় অবস্থিত মা পোড়ামা মন্দির। এই মন্দিরকে ঘিরে সারা বছর দেশ বিদেশ থেকে বহু তীর্থযাত্রী থেকে নবদ্বীপ সহ পার্শ্ববর্তী বিভিন্ন এলাকার মানুষ পুজো দিতে আসেন । রাজা কৃষ্ণচন্দ্রের প্রতিষ্ঠিত প্রায় পাঁচশো বছরের পুরানো এই মা পোড়ামা মন্দির। এই মন্দিরে প্রতি বছর স্নান যাত্রার দিনে স্বারস্বরে মা পোড়ামা র বার্ষিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মন্দিরের সেবাইত স্বর্গীয় মানিক ভট্টাচার্যের পুত্র কৌশিক ভট্টাচার্য জানান শনিবার ভোর রাত তিনটে থেকে নবদ্বীপের সুরধনীগঙ্গা থেকে ১০৮ ঘড়া গঙ্গাজল নিয়ে আসা হয় এবং মাকে স্নান করিয়ে অভিষেক অনুষ্ঠিত হয়, এরপর প্রতিদিনের মতো মায়ের

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# টাকা থাকলে সব সম্ভব

স্কুলের প্রিন্সিপাল ও ন্যাশনাল টেস্টিং এজেন্সির নিয়োগ করা একজন ইনভিজিলেটর যুক্ত ছিলেন। তদন্তে ইতিমধ্যেই ৫ জনকে গ্রেফতার করা হয়েছে, যার মধ্যে স্কুলের প্রিন্সিপাল ও এক শিক্ষক রয়েছেন।তদন্তে নেমে এবার শুধু প্রশ্নপত্র ফাঁসের মূল চক্রী বা জালিয়াতিতে অভিযুক্ত পড়ুয়াদেরই নয়, তাদের অভিভাবকদেরও তলব করছে পুলিশ। পাঠানো হয়েছে সমন। জানা গিয়েছে, গুজরাটের গোধরায় নিট পরীক্ষা নিয়ে ব্যাপক দুর্নীতির অভিযোগ উঠেছে। একটি পরীক্ষা সেন্টারে পরীক্ষার্থীদের উত্তরপত্র লিখে দিয়েছেন শিক্ষকরা, এমনটাই মারাত্মক অভিযোগ উঠেছে। এই অভিযোগ পেতেই পুলিশের তরফে ৩০ জন অভিভাবককে সমন পাঠানো হয়েছিল। কিন্তু কেউ হাজিরা দেননি। আবার নতুন করে সমন পাঠানো হবে তাদের, এমনটাই জানিয়েছে পুলিশ।

২ পাতার পর

# দেবীর ৫১ টি শক্তিপীঠের মধ্যে একটি কামাখ্যা

বলা হয়। এই মন্দিরটি বেশ কয়েকবার পুনর্নির্মিত হয়েছে।পুরাণ অনুসারে, সতীর পিতা প্রজাপতি দক্ষ অনিচ্ছায় তাঁর কন্যাকে ভগবান শিবের সঙ্গে বিয়ে দিয়েছিলেন। প্রজাপতি দক্ষ কখনও ভগবান শিবকে অপমান করার কোনও সুযোগ হাতছাড়া করেননি। একবার তিনি একটি যজ্ঞের আয়োজন করেছিলেন এবং ইচ্ছাকৃতভাবে শিবকে তাতে আমন্ত্রণ জানাননি। ভগবান শিবের মানা সত্ত্বেও, মা সতী তার পিতা দক্ষর যজ্ঞে বিনা আমন্ত্রণে যান। সেখানে তার স্বামী শিবের অপমান দেখে তিনি ক্রুদ্ধ হন এবং যজ্ঞের আগুনে আত্মাহুতি দেন। এতে ভগবান শিব আহত ও ক্রুদ্ধ হন এবং বীরভদ্রকে যজ্ঞ ধ্বংস করতে পাঠান। শোকে পাগল ভগবান শিব মা সতীর মৃতদেহ কোলে নিয়ে তাণ্ডব করতে শুরু করেন। এতে চিন্তিত হয়ে সকল দেবতা ভগবান বিষ্ণুর কাছে আশ্রয়ের জন্য যান। ভগবান বিষ্ণু শিবকে ঠাণ্ডা করতে ও পৃথিবীকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে তাঁর সুদর্শন চক্র দিয়ে সতী মার মৃতদেহকে টুকরো টুকরো করেন। যেখানেই সতী মার শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ পড়েছিল, সেখানেই শক্তিপীঠ গড়ে উঠেছে। কামাখ্যা শক্তিপীঠে মায়ের যোনি পড়েছিল।

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় উচ্চ পর্যায়ের কমিটি গঠন করল শিক্ষা মন্ত্রক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মেডিকেল প্রবেশিকা পরীক্ষায় প্রশ্ন ফাঁসের ঘটনার ফলে একের পর এক পরীক্ষা বাতিল হয়ে যাওয়ায় রীতিমতো চাপের মুখে পড়েছে শিক্ষা মন্ত্রক। ছাত্র - ছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে শিক্ষা মন্ত্রকে প্রশ্নের মুখে পরতে হচ্ছে। এই অবস্থায় শিক্ষা মন্ত্রক উচ্চ পর্যায়ের সাতজনের একটি কমিটি গঠন করেছে। এই কমিটির নেতৃত্বে রয়েছেন ভারতীয় মহাকাশ সংস্থা ISRO -র প্রাক্তন চেয়ারম্যান কে রাধাকৃষ্ণন। শিক্ষা মন্ত্রকে তৈরি নতুন এই কমিটি পরীক্ষা পদ্ধতিকে আরো উন্নত, ডেটা সুরক্ষা প্রটোকল এবং এন টি এ এর পরিকাঠামো উন্নয়নের কাজ করবে। আর সেই রিপোর্ট দুমাসের মধ্যে শিক্ষা মন্ত্রকে জমা দেবার পর সেইমতো ব্যবস্থা নেয়া হবে বলে জানা গিয়েছে। ইউজিসি- নিটএর প্রশ্ন ফাঁসের ঘটনায় নড়ে চড়ে বসেছে সিবিআই। এই ঘটনার সাথে যুক্ত থাকার অভিযোগে উত্তরপ্রদেশের এক ব্যক্তিকে সিবিআই জেরা করল। এই ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ ওঠে তিনি টেলিগ্রামে প্রশ্নপত্রের একটা অংশের ছবি তুলে পোস্ট করেছিলেন। তাকে জেরা করে জানা গেছে রাজস্থানের কোটায় তিনি নেটের কোচিং নিয়েছিল। অন্যদিকে এই ঘটনার সাথে যুক্ত থাকার অভিযোগে ঝাড়খন্ড থেকে ছয় জনকে গ্রেপ্তার করা হয়েছে। এই ছয় জনকে জেরা করে প্রশ্ন ফাঁসের বড় জাল খুলতে পারে বলে পুলিশ আধিকারিকরা মনে করছেন। শিক্ষা মন্ত্রক যে সাতজনের কমিটি গঠন করেছিলেন সেই কমিটিতে রয়েছেন দিল্লির এইমসের প্রাক্তন ডিরেক্টর ডা: রণদীপ গুলোরিয়া, প্রফেসর আদিত্য মিত্তল, সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ হায়দ্রাবাদের ভাইস চ্যান্সেলর প্রফেসর বিজে রাও সহ একাধিক ব্যক্তিত্ব। জানা গেছে শিক্ষা মন্ত্রকের গঠিত এই কমিটি খুব শীঘ্রই কাজ শুরু করবে।

২ পাতার পর

# স্নানযাত্রা উপলক্ষে মহা সমারোহে পালিত হচ্ছে মা পোড়ামা-র বার্ষিক অনুষ্ঠান

পুজো ছাড়াও এদিন মায়ের বিশেষ পূজা অনুষ্ঠিত হয় এবং দুপুরে মায়ের ভোগারতির পর বিকালে ভক্তদের মধ্যে মহা প্রসাদ বিতরণ করা হয়। এদিন সকাল থেকে দেখা গেল পোড়ামা মন্দির প্রাঙ্গনে অসংক্ষ্য ভক্তদের ভিড়, মায়ের মন্দিরে পুজো দেওয়ার জন্য।

অবসরপ্রাপ্ত শিক্ষক দিলীপ কুমার দাস এবং মন্দিরের স্থানে ফুল ব্যবসায়ী অলক মালাকার বলেন কিছুদিন আগে মন্দিরের প্রধান পুরোহিত, সেবাইত মানিক লাল ভট্টাচার্য প্রয়াত হয়েছেন, আজকের এই বিশেষ দিনে তাকে আমরা অভাব বোধ করছি। এই অনুষ্ঠানটি বেশ ধূম ধাম করেই হয়, মন্দির প্রাঙ্গণের সকল ব্যবসায়ী থেকে সাধারণ মানুষ এইবাৎসরিক উৎসব উপলক্ষে সাধ্যমত সকলে সহযোগিতা করেন। জগন্নাথ দেবের স্নানযাত্রা উপলক্ষে মায়ের প্রতিষ্ঠা বার্ষিকী তা অনেকে বলেন,কিন্তু কাল্পনিক কেউ বলতে পারবেন না কোন দিন মা এখানে প্রতিষ্ঠিত হয়েছিলেন।সন্ধ্যায় মায়ের আরতি হয় তারপর ভক্তবৃন্দর মধ্যে প্রসাদ বিতরণ করা হয়।

# লেবাননকে আরেকটি গাজা হতে দেওয়া যাবে না : গুতেরেস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহ ও ইসরায়েলের সামরিক বাহিনীর মধ্যে সীমান্তে সংঘাত ও সর্বাত্মক যুদ্ধ বাধানো নিয়ে উস্কানিমূলক বাক্য বিনিময় করায় উদ্বেগ প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেস।

শুক্রবার এক বিবৃতিতে দুই দেশের যুদ্ধের প্রস্তুতি এবং সম্ভাবনা একটি ভুল গণনা বলে মন্তব্য করেছেন গুতেরেস।

বিবৃতিতে জাতিসংঘ মহাসচিব বলেন, 'একটি বেপরোয়া পদক্ষেপ, ভুল বুঝাবুঝি বিপর্যয় ঘটাতে পারে, যা সীমানা ছাড়িয়ে যেতে পারে, এমন কী কল্পনাকেও। এ অঞ্চলের মানুষ ও বিশ্ব লেবাননকে আরেকটি গাজায় পরিণত হতে দিতে পারে না।'

জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনী ইউনিফিল ও ইউএনটিএসও নামে পরিচিত নিরস্ত্র কারিগরি পর্যবেক্ষকরা দীর্ঘদিন ধরে দক্ষিণ লেবাননে অবস্থান করছে। এই দলগুলো 'ব্লু লাইন' হিসেবে পরিচিত এবং তারা লেবানন ও ইসরায়েলে মধ্যে সীমান্ত বিভেদকারী এলাকা পর্যবেক্ষণে নিয়োজিত রয়েছে।

গুতেরেস বলেন, জাতিসংঘের শান্তিরক্ষীরা উত্তেজনা নিরসন ও ভুল বোঝাবুঝি রোধে কাজ করছেন। বিশ্বকে সোচ্চার হয়ে স্পষ্ট করে বলতে হবে- অবিলম্বে উস্কানি বন্ধ করা কেবল প্রয়োজনই নয়, এটা অপরিহার্য। কোনো সামরিক সমাধান নেই।'

অক্টোবরে গাজা যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ফিলিস্তিনি মিত্র হামাসের সঙ্গে সংহতি প্রকাশ করে ইসরায়েলে রকেট নিক্ষেপ করছে ইরান-সমর্থিত হিজবুল্লাহ। এতে হাজার হাজার ইসরায়েলি বাড়ি ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়। এতে সীমান্তে শত শত নিহত ও কয়েক হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছেন।

# মাহেশের রথে সাধক ধ্রুবানন্দের কাহিনী



বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন : নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ, সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রামকৃষ্ণ পরমহংসদেব ও তাঁর স্ত্রী সারদা দেবী প্রমুখ অনেক মানুষ বিখ্যাত মাহেশের এই মেলা পরিদর্শনে আসেন। এই উৎসব ১৩৯৬ খ্রিস্টাব্দ থেকে পশ্চিমবঙ্গের শ্রীরামপুর শহরের মাহেশে অনুষ্ঠিত হয়ে আসছে। রথ যাত্রার সময় স্নানপিড়ি ময়দানে একমাস ধরে মেলা চলে। শ্রীরামপুরে মাহেশ জগন্নাথ দেবের মূল মন্দির থেকে মাহেশ গুন্ডিচা মন্দির (মাসির বাড়ি ) অবধি জগন্নাথ, বলরাম,সুভদ্রার ৫০ ফুট উচ্চতা সম্পন্ন রথটি টেনে নিয়ে যাওয়া হয়। উল্টোরথের দিন আবার রথটিকে জগন্নাথ মন্দিরে ফিরিয়ে আনা হয়। এই মাহেশের জগন্নাথ মন্দির ও রথযাত্রার পেছনে কিংবদন্তি ইতিহাস রয়েছে।

চতুর্দশ শতকে ধ্রুবানন্দ ব্রম্ভচারী নামে এক বাঙালি সাধক পুরীতে তীর্থ দর্শনে গিয়েছিলেন। তাঁর বাসনা হয়েছিল যে তিনি জগন্নাথ দেবকে নিজের হাতে ভোগ রেঁধে নিবেদন করবেন কিন্তু পুরীর মন্দিরের পান্ডাদের আপত্তিতে, তিনি তা করতে পারলেন না। তখন তিনি মনের দুংখে আমরণ অনশনে বসলেন। এর তিন দিন পর স্বয়ং জগন্নাথদেব তাঁকে স্বপ্নে দেখা দিয়ে বললেন , ...." ধ্রুবানন্দ , তুমি বঙ্গদেশে ফিরে যাও। সেখানে ভাগীরথী নদীর তীরে মাহেশ নামেতে এক গ্রাম আছে। সেখানে যাও। আমি সেখানে একটি বিরাট দারুব্রম্ভ ( নিম গাছের কান্ড ) পাঠিয়ে দেব। সেই কাঠে বলরাম , সুভদ্রা আর আমার মূর্তি গড়ে পূজা করো। আমি তোমার হাতে ভোগ খাওয়ার জন্য উদগ্রীব।" ..... এই স্বপ্ন দেখে ধ্রুবানন্দ মাহেশে এসে সাধনা শুরু করলেন। তারপর এক বর্ষার দিনে মাহেশ ঘাটে একটি নিম কাঠ ভেসে এল। তিনি জল থেকে সেই নিম কাঠ তুলে তিন দেবতার মূর্তি বানিয়ে মন্দিরে প্রতিষ্ঠা করলেন। এরপর সন্ন্যাস গ্রহণের পর শ্রী চৈতন্য পুরীর উদ্দেশ্যে রওনা হন , পথে তিনি মাহেশে পৌঁছেছিলেন। ধ্রুবানন্দের মন্দির পরিদর্শন করার পরে তিনি জ্ঞান হারিয়ে ফেলেন এবং গভীর সমাধিতে মগ্ন হন। শ্রী চৈতন্য মাহেশকে "নব নীলাচল " আর্থাৎ " নতুন পুরী " বলে নামকরণ করেছিলেন। একটি কাহিনী শোনা যায় শ্রী চৈতন্য পুরীর মন্দিরের ভিতর গিয়ে নাকি মিলিয়ে বা অদৃশ্য হয়ে যান। তারপর নাকি তাঁর আর কোনো সন্ধান পাওয়া যায়নি। মনে করা হয় পুরীর মন্দিরে যাওয়ার আগে মাহেশে জগন্নাথ দর্শনে মন্দির ভিতরে জ্ঞান হারিয়ে যে গভীর সমাধিতে মগ্ন ছিলেন সেটি সাধক ধ্রুবানন্দ তাঁর অন্তর দিয়ে তা বুঝতে পেরেছিলেন। কিন্তু পুরীর মন্দিরে তাঁর স্বয়ং জগন্নাথ দর্শনে মন্দিরের ভিতরে দীর্ঘক্ষণ জ্ঞান হারিয়ে,যে গভীর সধনা সমাধিতে ছিলেন তা তৎকালীন পুরীর মন্দিরের পুরোহিত ও পান্ডাদের ভাবিয়ে তুলেছিলেন। পুরীর মন্দিরের ভিতর স্বয়ং জগন্নাথ দর্শনে তাঁর এই দীর্ঘক্ষণ জ্ঞান হারিয়ে যে সাধনা সেটি বোঝা সম্ভব হয়নি মন্দিরের পান্ডাদের পক্ষে। তাঁরা স্বয়ং জগন্নাথ দর্শনে মন্দিরের ভিভর মৃত এই খবর ছড়িয়ে যাওয়ার লোকচক্ষু ভয়ে তাঁকে মন্দিরের পাশেই জ্ঞানহীন সাধক শ্রী চৈতন্যদেবকে সমাধিস্ত করা হয়। পরে একটি খবর ছড়িয়ে পড়ে মহাপ্রভু শ্রী চৈতন্যদেব পুরীর জগন্নাথ দর্শনে মন্দিরের ভিতর দরজা বন্ধ হওয়ার পর তিনি অদৃশ্য হয়ে যান। তাঁকে আর খুঁজে পাওয়া যায়নি। বৃদ্ধ ধ্রুবানন্দ পুরীর মন্দিরে যাওয়ার পূর্বে মহাপ্রভু শ্রী চৈতন্য কে মন্দিরের দায়িত্ব নেওয়ার জন্য অনুরোধ করেছিলেন। তখন মহাপ্রভুর পক্ষে সেই ভার নেওয়া সম্ভব ছিল না। সেইসময় মহাপ্রভু তাঁর পরম শিষ্য কমলাকার পিপলাইকে মন্দিরের দায়িত্ব দেন। যিনি ছিলেন শ্রী চৈতন্যদেবের দ্বাদশ গোপালের মধ্যে পঞ্চম। এর কিছুদিন পর ধ্রুবানন্দের প্রয়াণ হয়। কমলাকার সুন্দরবনের খালিঝুলির জমিদারের পুত্র। তিনি যুক্তি বিজ্ঞান অধ্যয়ণ করতে নবদ্বীপে এলেন। পরে তিনি মহাপ্রভুর একজন প্রিয় শিষ্য হয়ে ওঠেন এবং তার মন্ত্রালয়ে যোগ দেন। তিনি ৬৪ মহন্তের মধ্যে প্রথম। মাহেশের জগন্নাথ মন্দিরের ভার গ্রহণ করার পর, তিনি সেখানে থাকতে শুরু করেন। তিনি এই বিখ্যাত রথ উৎসব ৬২০ বছর আগে শুরু করেন। তাঁর উওরাধিকারীরা এখনো সেবাইত বা মন্দির " অধিকারী " হিসেবে মাহেশে বসবাস করেন। যদিও মন্দিরের বর্তমান সেবায়েতের দাবি মাহেশের রথযাত্রা ১৩৯৭ সাল থেকে শুরু। ১৭৯৩ সাল থেকে অনেকগুলি কাঠের রথ তৈরী হলেও ১৮৮৫ সালে মার্কিন - বার্ন - কোম্পানির কারিগরি সহায়তায় ১২ টি লোহার চাকা বিশিষ্ট সম্পূর্ণ লোহার কাঠাশের ৫০ ফুট উঁচু। ১২৫ টন ওজনের রথটি তৈরী হয় যা আজও বর্তমান।রথটি বাংলার নবরত্ন মন্দিরের আদলে তৈরী। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এই মাহেশের রথ ঘুরে তাঁর " রাধারানী " উপন্যাসের পেক্ষাপটে ছিল এই মাহেশের রথযাত্রার বাস্তব চিত্র ফুঁটিয়ে তুলেছিলেন তাঁর "কালজয়ী" উপন্যাসের সুন্দর গল্পের মধ্যে। এরপর ১৭৫৫ এ কলকাতায় নয়নচাঁদ মল্লিক মাহেশের জগন্নাথ দেবের মন্দির তৈরী করেছিলেন যা আজও রয়েছে। বর্তমান রথটি প্রায় ১২৯ বছরের পুরানো। সে যুগে ২০ হাজার টাকা ব্যায়ে শ্যামবাজারের বসু পরিবারের সদস্য ইস্ট ইন্ডিয়া কম্পানির হুগলীর দেওয়ান কৃষ্ণচন্দ্র বসু রথটি তৈরী করিয়ে দিয়েছিলেন। রথটিতে রয়েছে চারতলা বিশিষ্ট সম্পূর্ণ লোহার কাঠামোর উপর কাঠ দিয়ে তৈরী। উচ্চতা ৫০ ফুট ওজন ১২৫ টন। এক ফুট বেড় এর ১২ টি লোহার চাকা এবং রথের সামনে দুটি তামার ঘোড়া। ইতিহাস বলে সাধক ধ্রুবানন্দ ব্রম্ভচারী স্বপ্ন পেয়ে গঙ্গায় ভেসে আসা নিমকাঠ দিয়ে দারুমূর্তি তৈরী করেন। প্রতি বছর রথের আগে যেটি বিগ্রহের অঙ্গরাগ হয়ে থাকে। রথের দিন জিটি রোড দিয়েই রথ টানা হয়। এই রথযাত্রাকে কেন্দ্র করে আজও মেলা বসে। কথায় আছে ভক্তের কাছে ভগবানের পরাজয় , স্বয়ং জগন্নাথ দেব তার ভক্তির কাছে হেরে গিয়ে তাঁর মনবাসনা পূর্ণ করেন সাধক ধ্রুবানন্দ ব্রম্ভচারীর এই অঝোর অশ্রুসিক্ত কাহিনী শ্রীরামপুর মাহেশে এই মাহেশের রথ যাত্রায় সম্পূর্ণতা পায়।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৭০ সংখ্যা ২৩ জুন, ২০২৪ রবিবার ০৮ আষাঢ়, ১৪৩১

## সম্পাদকীয়

# অগ্নিকাণ্ডের জেরে গোটা বিবাদী বাগ এলাকার আকাশ ধোঁয়ায় ছেয়ে গিয়েছে

ব্যাঙ্কশাল কোর্টের পিছনে ৫ নম্বর গার্স্টিন প্লেসে ভয়াবহ আগুন। পুরনো সেই বহুতলের ওপরের তলা নাকি ইতিমধ্যেই আগুনে পুরোপুরি পুড়ে গিয়েছে। কাকভোরের এই অগ্নিকাণ্ড নিয়ন্ত্রণে আনতে দমকল নাকি দেরিতে পৌঁছায় ঘটনাস্থলে। এদিকে সেই বহুতলের আশেপাশে বসবাস করা ২৫টি পরিবার আতঙ্কিত চোখে রাস্তা থেকে দাঁড়িয়ে সেই অগ্নিকাণ্ড দেখছেন।এদিকে রিপোর্টে দাবি করা হচ্ছে, কলকাতার ৪৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সন্তোষ পাঠকের আদি বাড়ি এই ১০০ বছর পুরনো বিল্ডিংটি। এই আবহে সন্তোষ পাঠক পৌঁছে গিয়েছেন ঘটনাস্থলে। তাঁর অভিযোগ, বাড়িটিতে রাসায়নিক গুদাম ছিল। সে জন্যই আগুন ছড়িয়ে পড়েছে। এদিকে পুরনো বাড়ি হওয়ায়, দেওয়াল ভেঙে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। তাই আগুনের উৎসস্থলে পৌঁছতে বেগ পেতে হচ্ছে দমকলকর্মীদের। অবশ্য অগ্নিকাণ্ডের ঘটনায় এখনও কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

দমকলের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয়রা। এরই মাঝে দমকলের সাতটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে বলে জানা গিয়েছে। ঘটনাস্থলে উপস্থিত রয়েছে হেয়ার স্ট্রিট থানার পুলিশও। (৪ দফার বকেয়া ডিএ মেটানোর দাবি কর্মীদের, অপরদিকে বেতন বাড়াতে কমিশন গঠন রাজ্যের)

অগ্নিকাণ্ডের জেরে গোটা বিবাদী বাগ এলাকার আকাশ ধোঁয়ায় ছেয়ে গিয়েছে। এদিকে পুরনো সেই বাড়িটি ঘিঞ্জি এলাকায় অবস্থিত হওয়ায় আগুন ছড়িয়ে পড়ার আশঙ্কা করছেন স্থানীয়রা। এই আবহে দমকলের সঙ্গে স্থানীয় বাসিন্দারাও আগুন নেভানোর কাজে হাত লাগিয়েছে। এদিকে স্থানীয়রা দাবি করছেন, বাড়িটির বয়স ১০০ বছরেরও বেশি। এর জেরে অগ্নিকাণ্ডে সেটির কাঠামো ভেঙে পড়ে কি না, তা নিয়েও আশঙ্কা রয়েছে।রিপোর্ট অনুযায়ী, আগুনের গ্রাসে যাওয়া ওই বাড়িতে জনবসতি ছিল না বলেই জানা গিয়েছে। ওই বাড়িতে আইনজীবীদের চেম্বার ছিল। আগুনের জেরে ইতিমধ্যেই ওপরের তলাটি নাকি পুরোপুরি পুড়ে গিয়েছে। রিপোর্ট অনুযায়ী, শনিবার ভোর সাড়ে তিনটে নাগাদ আগুন লাগে। বাড়িটি থেকে ধোঁয়া বেরোতে দেখে স্থানীয়রা দমকলে খবর দেন। তবে দমকলের ইঞ্জিন আসতে দেরি করে বলে অভিযোগ। এরপর প্রথমে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৪টি ইঞ্জিন। পরে আরও ৩টি ইঞ্জিন বাড়ানো হয়। এদিকে দমকলের প্রাথমিক অনুমান, এসি থেকে শর্ট সার্কিট হয়েই আগুন লেগেছে। তবে অগ্নিকাণ্ডের আসল কারণ বের করতে পূর্ণাঙ্গ তদন্ত করা হবে। এদিকে অগ্নিকাণ্ডের মাঝেই বাড়িটি থেকে মাঝেমধ্যেই বিস্ফোরণের শব্দ শুনতে পাওয়া যাচ্ছে বলে দাবি করা হচ্ছে।

# হজে গিয়ে ৪৯ তিউনিসিয়ানের মৃত্যু, ধর্মমন্ত্রী বরখাস্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সৌদি আরবের মক্কায় হজে রেকর্ড পরিমাণ তিউনিসিয়ান নাগরিকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় তিউনিসিয়ার ধর্মমন্ত্রী ব্রাহিম চাইবিকে বরখাস্ত করা হয়েছে। খবর রয়টার্সের।

প্রতিবেদনে বলা হয়, হজ যাত্রীদের মৃত্যুর ঘটনায় ব্যাপক সমালোচনার মুখে পড়েন তিউনিসিয়ার প্রেসিডেন্ট কায়েস সাঈদ। এরপরই তিনি ধর্মমন্ত্রীকে বরখাস্ত করেন।

গত সপ্তাহে প্রচণ্ড গরমের কারণে সৌদি আরবের পবিত্র নগরী মক্কায় হজ পালন করতে গিয়ে ৪৯ তিউনিসিয়ার মৃত্যু হয়। এ ছাড়া হজ করতে গিয়ে দেশটির যেসব হাজি নিখোঁজ হয়েছেন, তাদের খুঁজে বেরাচ্ছে পরিবার।

এবারের হজে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে মিশর থেকে আসা হজ যাত্রীদের। ৫৩০ মিশরীয় হজে মারা গেছেন। প্রচণ্ড গরমের কারণে তাদের মৃত্যু হয়েছে। এছাড়া নিখোঁজ রয়েছেন ৩১ জন।

# বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ফরিদপুর জেলার পালং থানার মহিসা গ্রামে রজনীকান্ত চক্রবর্তীর জন্ম। ঢাকা ওয়ারীতে তিনি ব্রহ্মচারী যোগাশ্রম প্রতিষ্টা করেন। পরে তা ফরিদাবাদে স্থানান্তর করেন। তিনি বাবা লোকনাথের স্মরণে আসেন; ১৮৮৬ থেকে ১৮৯০ সালের দিকে। বাবার একজন যোগ্য শিষ্য হিসাবে পরিচিতি লাভ করেন।বারদীর আশ্রমের কাছেই এক বৃদ্ধা, নাম-কমলা। সম্বল বলতে এক গরু ছাড়া কিছুই ছিল না। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



প্রার্থনা অনুনয় বিনিময় করতে লাগলেন । সূর্যের প্রার্থনা শুনে শিব শনির মুরচ্ছা ভঙ্গ করলেন। শনিদেবে অভিমান ভঙ্গ হল এবং ভগবানের পাদপদ্মে নিজেকে সমরপন করে ক্ষমা চাইলেন ।আসলে অসহায় শনি ভাই-বোনের থেকে দূরে সরে আরও ক্রুদ্ধ হয়ে ওঠেন। এ সব কিছুর দায় সন্ধ্যার ওপর চাপিয়ে তাঁকে একদিন লাথি মারেন তিনি। সেই রাগে শনিকে খোঁড়া হয়ে যাওয়ার অভিশাপ দেন সন্ধ্যা। এই ঘটনার কথা জেনে হতবাক হয়ে যান সূর্য। মা-কে লাথি মারার জন্য শনির ওপর তিনি ক্রুদ্ধ হলেও বেশি অবাক হন সন্ধ্যার ভূমিকায়। একজন মা কী করে তাঁর সন্তানকে এমন অভিশাপ দিতে পারেন, তা ভেবে পান না সূর্য্য। সন্ধ্যার কাছে সব জানতে চান তিনি। সূর্যের জেরায় ভেঙে পড়ে তাঁকে সব জানান সন্ধ্যা ।শনির ওপর এতদিন এত অন্যায় হয়েছে বুঝতে পেরে নিজের ভুল স্বীকার করেন সূর্য্য। শনিকে সৌরমণ্ডলে স্থান দেন তিনি। কর্মফলের দেবতা হিসেবে শনিকে উন্নীত করা হয়। কেউ কোনও অপকর্ম করলে শনির নজর এড়ায় না। শনির হাতে তার শাস্তি নিশ্চিত। তবে কোন মানুষের উপরে যদি শনিদেব রুষ্ট হয়ে থাকে, তখনই মানুষের বুদ্ধিভ্রষ্ট হয় সেইসময়, যখন শনিদেব শকুনের উপর বসে অশুভ প্রভাব ফেলেন। কোনও নারী-পুরুষের অত্যন্ত কষ্টকর মৃত্যুযোগ থাকলে ভগবান সূর্যপুত্র হরিণে চড়ে আসেন। দেহ থেকে প্রাণবায়ু নির্গত হয় সীমাহীন কষ্টভোগের মাধ্যমে।

ছায়ানন্দনের কুকুরের পিঠে চড়ে বাড়িতে আগমন ঘটলে সেই সময় গৃহে নানান রকমের অশান্তি ও ভয়ভীতির সৃষ্টি হয়। একই সঙ্গে হয় চুরি।

পরিস্থিতির প্রেক্ষিতে সোনা রুপো লোহা ও তামা, এই চারটি ধাতুকে শনিদেব চরণ হিসাবে ব্যবহার করে থাকেন। যেমন্ যখন কোনও নারী বা পুরুষের ধনসম্পত্তি ইত্যাদি সমস্ত কিছু নাশ করেন তখন ছায়ার সুপুত্র শনিদেব আসেন লোহার চরণে অর্থাৎ ওই চরণে অশুভ প্রভাব ফেলেন তিনি। কারও উপর শুভ প্রভাব বিস্তারের সময় তিনি আসেন তামা ও রুপোর চরণে। এই সময় মানুষের জাগতিক সমস্ত শুভ কর্মে সুখ ও সাফল্য আসে। যখন সূর্যতনয় শনিদেব নারী-পুরুষ নির্বিশেষে কারও উপর অপার করুণা করেন তখন তিনি আসেন সোনার চরণে। এই সময় মানুষের ধনে-জনে লক্ষ্মীলাভ, সম্মান যশ অর্থ খ্যাতি ও প্রতিপত্তিলাভ হয়ে থাকে। সুখ ও সৌভাগ্য বৃদ্ধি হয় যেন দিনে দিনে ।তবে,শনিদেব মৃত্যু ও ন্যায় বিচারের দেবতা যমদেব বা ধর্মরাজের জ্যেষ্ঠ ভ্রাতা। ভারতের বিভিন্ন রাজ্যে বিশেষ করে পশ্চিমবঙ্গে এবং বাংলাদেশের হিন্দু অধ্যুষিত অঞ্চলে শনিদেবের ছোটবড় মন্দির দেখা যায়, এবং সেখানে সপ্তাহান্তে শনিবার বড় ঠাকুরের সাপ্তাহিক পুজার্চনা হয়ে থাকে। এছাড়াও সারা ভারতে বেশকিছু বড় বড় শনি মন্দির ও তীর্থস্থান উল্লেখযোগ্য, যেমন তিরুনাল্লার

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভারতে আন্তর্জাতিক যোগ দিবসে অংশ নিলেন দ্রৌপদী মুর্মু, মোদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২১ জুন বিশ্ব যোগ দিবস। এই উপলক্ষ্যে শুক্রবার জম্মু-কাশ্মীরে শ্রীনগরে ১০ তম যোগ দিবসে অংশ নিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এ বছরের থিম 'Yoga for Self and Society'. নিজের সুস্বাস্থ্য ও সমাজের একতা রক্ষায় যোগের অবদানের বিষয়টি মাথায় রেখেই থিমের এই নামকরণ।

এদিন ডাল লেকের ধারে শের-ই-কাশ্মীর ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে আয়োজিত এই যোগ দিবসে প্রায় আধাঘণ্টা যোগাসন করেন প্রধানমন্ত্রী। ওই অনুষ্ঠানে পুরুষদের পাশাপাশি বহু নারীদেরও অংশগ্রহণ করতে দেখা যায়। খোলা আকাশের নিচে এই যোগ ব্যায়ামের অনুষ্ঠান হওয়ার কথা থাকলেও বৃষ্টির কারণে কনফারেন্স সেন্টারের ভেতরে তা করতে হয়। যোগাসনের ফাঁকেই অংশগ্রহণকারীদের বিশেষ করে কাশ্মীরি যুবতীদের সাথে সেলফিও তুলতে দেখা যায় মোদিকে। পরে এক্স হ্যান্ডেলে সেই ছবিও পোস্ট করেন প্রধানমন্ত্রী।

পরে যোগ দিবসের অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে দেশের জনগণকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী মোদি বলেন, আমি যোগ দিবসে দেশের মানুষকে এবং বিশ্বের প্রতিটি কোণে যোগব্যায়াম করা মানুষদের শুভেচ্ছা জানাই। বিশ্বব্যাপী যোগব্যায়াম অনুশীলনকারী মানুষের সংখ্যা বাড়ছে।

তিনি বলেন, আন্তর্জাতিক যোগ দিবস ১০ বছরের একটি ঐতিহাসিক যাত্রা পূর্ণ করেছে। ২০১৪ সালে আমি জাতিসংঘে আন্তর্জাতিক যোগ দিবসের প্রস্তাবনা রেখেছিলাম। ভারতের সেই প্রস্তাবটি ১৭৭টি দেশ সমর্থন করেছিল এবং সেটা ছিল একটি রেকর্ড। সেই থেকেই যোগ দিবস নতুন রেকর্ড তৈরি করে আসছে। প্রধানমন্ত্রীর অভিমত, গত ১০ বছরে যোগব্যায়ামের বিস্তার তার ধারণাকে বদলে দিয়েছে। আজ গোটা বিশ্ব দেখছে যে, একটি নতুন যোগা অর্থনীতি এগিয়ে যাচ্ছে। ভারতের দিকে তাকালে দেখা যাবে যে ঋষিকেশ ও কাশী থেকে কেরালা পর্যন্ত যোগা পর্যটনের একটি নতুন সংযোগ পরিলক্ষিত হচ্ছে। পর্যটকরা সারা বিশ্ব থেকে ভারতে আসছে কারণ তারা ভারতে খাঁটি যোগ শিখতে চায়।

শ্রীনগরের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন,'যোগ ও সাধনার ভূমি এই কাশ্মীরে আসতে পেরে আমি ধন্য। আমরা যে শক্তি অনুভব করি সেটা যোগা থেকেই পাই। যোগব্যায়াম শক্তি, সুস্বাস্থ্য এবং সুস্থতা বৃদ্ধি করে। শ্রীনগরে এই বছরের যোগা অনুষ্ঠানে যোগ দিতে পেরে আমি খুবই বিস্মিত। মোদির মতে, কাশ্মীরের ক্ষেত্রে যোগব্যায়াম জীবিকার একটা বড় উৎস হয়ে উঠতে পারে। এটি পর্যটকদের আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে উঠতে পারে। যোগব্যায়ামের গুরুত্ব এবং এর স্বাস্থ্য উপকারিতাগুলির উপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, যোগ নিজের এবং সমাজের জন্য। যেহেতু আমরা ১০তম আন্তর্জাতিক যোগ দিবস পালন করছি, আমি প্রত্যেককে অনুরোধ করবো, তারা যেন যোগব্যায়ামকে তাদের দৈনন্দিন জীবনের অংশ করে তোলে। দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে যোগাশনে অংশ নেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সাথে ছিলেন তার ব্যক্তিগত নিরাপত্তা রক্ষী, রাষ্ট্রপতি ভবনে কর্মকর্তা ও কর্মীরা। উত্তরপ্রদেশের মথুরায় যোগাসনে অংশ নেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও বিজেপি সাংসদ অভিনেত্রী হেমা মালিনী, দিল্লিতে যোগায় অংশ নেন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা, সংসদ ভবন চত্বরে যোগায় অংশ নেন লোকসভার স্পিকার ওম বিড়লা, গুজরাটে যোগ দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, পাকিস্তান সীমান্তবর্তী ভারতের আত্তারি আন্তর্জাতিক সীমান্তেও যোগ দিবসের অনুষ্ঠানে বিএসএফ জওয়ানরা, তাজমহলের নিরাপত্তার দায়িত্বে থাকা সিকিউরিটি কর্মকর্তারাও যোগায় অংশ নেন। উত্তরপ্রদেশের প্রয়াগ রাজের যমুনা নদীতে পানির মধ্যে দাঁড়িয়ে যোগায় অংশ নেন সাঁতারুরা। এমনকি কোথাও আবার সেনাবাহিনীর সদস্যদের সাথে দেখা যায় ডগ স্কোয়াডের কুকুরদের। এছাড়াও ভারতের প্রতিটি রাজ্যে উৎসাহের সাথে এই যোগ দিবস পালন করা হয়। পশ্চিমবঙ্গের কলকাতায় রাজভবনে যোগাসনে অংশ নেন রাজ্যপাল ড. সিভি আনন্দ বোস, দীঘার সমুদ্র পাড়ে যোগাসনের অংশ নেন রাজ্যের বিরোধী দলনেতা বিজেপি বিধায়ক শুভেন্দু অধিকারী, মালদহের গনি খান চৌধুরী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি কলেজে যোগা দিবসে অংশ নেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ও রাজ্যের বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার, কলকাতার ধর্মতলায় ভিক্টোরিয়া মেমোরিয়াল চত্বরেও যোগাসনে অংশ নেন একাধিক মানুষ। দিল্লিতে অবস্থিত যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইসরায়েলের দূতাবাসগুলিতেও মর্যাদার সাথে এই যোগ দিবস পালন করা হয়। ভারত ছাড়াও আয়ারল্যান্ড, ইসরায়েল, বাংলাদেশসহ বিশ্বের একাধিক দেশে এই যোগ দিবস পালন করা হয়।

উল্লেখ্য, ২০১৪ সালে জাতিসংঘে ভাষণকালে আন্তর্জাতিক যোগ দিবস পালনের প্রস্তাবনা রাখেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পরবর্তীতে সেটি সর্বসম্মতভাবে জাতিসংঘে পাস হয়। পরের বছর ২০১৫ সালের ২১ জুন দিনটি প্রথমবারের মতো আন্তর্জাতিক যোগ দিবস হিসাবে গোটা বিশ্বে পালন করা হয়।

# সিনেমার খবর

## কঙ্গনার চড়কাণ্ড নিয়ে যা বললেন স্বরা ভাস্কর




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কয়েকদিন আগেই চণ্ডীগড় বিমানবন্দরে সিআইএসএফ-এর এক নারী কনস্টেবল চড় মেরেছিলেন বলিউড অভিনেত্রী ও লোকসভার নবনির্বাচিত সদস্য কঙ্গনা রানাউতকে। এই ঘটনায় চারিদিকে নানা আলোচনা। কেউ পক্ষে কেউবা বিপক্ষে, অনেকেই তাদের মতামত জানিয়েছেন। এবার 'তনু ওয়েডস মনু' খ্যাত অভিনেত্রী স্বরা ভাস্করও প্রতিক্রিয়া জানিয়েছেন। অভিনেত্রী কঙ্গনাকে চড় মারার এই ঘটনাকে ভুল বলেই ব্যাখ্যা করেছেন। তবে তিনি একইসঙ্গে বলেছেন, দেশে অনেক গুরুত্বপূর্ণ বিষয় রয়েছে। সেগুলোর দিকে নজর দেওয়ার সময় এসেছে।

স্বরার মতে, মানুষ যেটা বলতে চাইছেন, কঙ্গনার দক্ষিণপন্থি সমর্থকদের এই বিষয়টি নিয়ে মন্তব্য করা উচিত নয়। কারণ তারা নিজেরাই হিংসামূলক ঘটনায় লিপ্ত থাকেন। অভিনেত্রী বলেন, 'কঙ্গনা শুধু চড় খেয়েছে, যদিও সেটা হওয়া উচিত নয়। কিন্তু তাও তো সে বেঁচে রয়েছে। তার (কঙ্গনা) চারপাশে এত নিরাপত্তারক্ষী। আমাদের দেশে এমন অনেক মানুষ ছিলেন, যারা প্রাণ হারিয়েছেন।' তিনি আরও বলেন, অনেককে পিটিয়ে হত্যা করা হয়েছে। কাউকে ট্রেনের মধ্যে গুলি করে হত্যা করা হয়েছে। দাঙ্গার মধ্যে নিরাপত্তারক্ষীদের হাতে খুন হয়েছেন মানুষ, এমন নিদর্শনও আছে। যারা এই ধরনের ঘটনা সমর্থন করেছেন, তারা কঙ্গনার ঘটনা নিয়ে আমাকে শেখাতে আসবেন না!'

একই সাথে প্রশ্ন ছুড়ে দিয়ে কঙ্গনাকেও একহাত নিয়েছেন স্বরা। তিনি বলেন, 'কঙ্গনার ক্ষেত্রে একটাই সমস্যা, হিংসামূলক ঘটনাকে সমর্থন জানাতে নিজের প্ল্যাটফর্ম ব্যবহার করেছে সে। তার পুরোনো উসকানিমূলক টুইট দেখলেই বোঝা যায়। এমনকি গণহত্যার ডাক পর্যন্ত দিয়েছে! উইল স্মিথের চড় মারার ঘটনাকে সমর্থন জানিয়েছে। তা হলে এখন কী হলো?'

এখানেই থেমে থাকেননি তিনি। আরও বলেন, 'কঙ্গনার ঘটনায় যে দোষী, সে তো শাস্তি পেয়েছে। কিন্তু শেষ দশ বছরে আমাদের দেশে যাদের হত্যা করা হয়েছে, সে সব ক্ষেত্রে অপরাধীরা তো বাইরে অবাধে বিচরণ করছে!'

উল্লেখ্য, বলিউড ইন্ডাস্ট্রির ঠোঁটকাটা অভিনেত্রী হিসেবে পরিচিত কঙ্গনা রানাউত। স্পষ্টভাষী বক্তব্যের জন্য বার বার শিরোনামে থাকেন তিনি। বলিউডের অনেককে নিয়েই বিতর্কিত মন্তব্য করেছেন কঙ্গনা। তার মধ্যে রয়েছেন স্বরা ভাস্করও। এক ইন্টারভিউতে স্বরা ভাস্কর এবং তাপসী পান্নুকে বি-গ্রেড অভিনেত্রী বলে অভিহিত করেছিলেন কঙ্গনা। এর জেরেও বিতর্কের মুখে পড়তে হয় অভিনেত্রীকে।

## ফের ডিপফেক ভিডিওর শিকার আলিয়া ভাট!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** জনপ্রিয় অভিনেত্রী আলিয়া ভাট। বলিউডের প্রথম সারির সুন্দরীদের মধ্যে তিনি অন্যতম। ফের ডিপফেক ভিডিওর খপ্পরে পড়েছেন এই অভিনেত্রী। গত মাসেই তার মুখের ছবি অভিনেত্রী ওয়ামিকা গাব্বির শরীরে বসিয়ে এআই ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল করা হয়েছিল। এবার আলিয়ার মুখ কালো কামিজ পরা এক তরুণীর শরীরে বসিয়ে দেওয়া হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য।

ভাইরাল হওয়া সেই ভিডিওতে দেখা যাচ্ছে, চিকেনকারি কাজ করা সালোয়ার-কামিজ পরে ঝোলা দুল পরছেন। জামার হাতায় চিকেনের নকশাকে ক্যামেরায় দেখাচ্ছেন। এর আগে একাধিক বলিউড নায়িকার ভিডিও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে অশ্লীল পোশাক বা অঙ্গভঙ্গি করা অন্য কারো শরীরে বসিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল করা হয়েছে।

তবে এ নিয়ে বিতর্কও ছড়িয়েছে। অমিতাভ বচ্চন থেকে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও উদ্বেগ প্রকাশ করে সরব হয়েছেন এআইয়ের সাহায্যে তৈরি এই ডিপফেক ভিডিও নিয়ে। এবারও আলিয়ার ডিপফেক ভিডিওটি ভাইরাল হতে নেটিজেনদের অনেকেই এআই কতটা বিপজ্জনক তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

জানা যায়, সমীক্ষা অভতর নামে এক ইনস্টাগ্রাম ব্যবহারকারীর পক্ষ থেকে ভিডিওটি পোস্ট করা হয়েছে। প্রোফাইলে লেখা, এখানে সমস্ত ভিডিও এআইয়ের সাহায্যে শুধুমাত্র বিনোদনের উদ্দেশ্যে তৈরি। এরই মধ্য ভিডিওটি ১৭ মিলিয়ন দর্শক দেখে ফেলেছে।

উল্লেখ্য, ডিপফেক ভিডিওর এমন অভিজ্ঞতার মধ্য দিয়ে যেতে হয়েছে বলিউড অভিনেত্রী রাশমিকা মান্দানা, ক্যাটরিনা কাইফ ও কাজলকেও। তবে আলিয়া ভাটকে যেন ছাড়ছেই না এই বিপত্তি। তৃতীয় বারের মতো ফাঁস হলো তার ডিপফেক ভিডিও। মাস ছয়েক আগে প্রথম এই বিপত্তিতে পড়ে আলিয়া। সেবারের ভিডিওতে আপত্তিকর অঙ্গভঙ্গিও করতেও দেখা যায় তাকে। তবে ভিডিও থেকেই স্পষ্ট ছিল, ওই নারী আদৌ আলিয়া নন। আধুনিক প্রযুক্তির কারসাজির সাহায্যে আলিয়ার মুখ বসানো হয়েছে ওই ভিডিওতে।

## শুটিং সেট থেকে কেন গ্রেপ্তার হয়েছিলেন ভিকি?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সিনেমায় সহকারী পরিচালক হিসেবে ক্যারিয়ার শুরু করেন বলিউড অভিনেতা ভিকি কৌশল। অন্য তারকাদের মতো তাকেও পরিশ্রম করেই ফিল্ম ইন্ডাস্ট্রিতে অবস্থান তৈরি করতে হয়েছে তাকে। 'গ্যাংস অব ওয়াসিপুর' সিনেমার শুটিং সেট থেকে পুলিশ তাকে গ্রেপ্তার করেছিলো। কিন্তু কী কারণে গ্রেপ্তার হয়েছিলেন এই অভিনেতা?

কপিল শর্মা সঞ্চালিত দর্শকপ্রিয় শো 'দ্য কপিল শর্মা শো'য়ে উপস্থিত হয়েছিলেন 'গ্যাংস অব ওয়াসিপুর' সিনেমার পরিচালক অনুরাগ কাশ্যপ। আড্ডায় ভিকি কৌশলের জীবনের এই গোপন তথ্য ফাঁস করেন অনুরাগ।



স্মৃতিচারণ করে অনুরাগ কাশ্যপ বলেন, 'সিনেমাটিতে যে অবৈধ খননের দৃশ্য দেখানো হয়েছে, তা মূলত অবৈধ খননকাজই ছিলো। স্থানীয় মাফিয়ারা যখন অবৈধ খননের কাজ শুরু করে, সেই সময় সেখানে আমরাও ক্যামেরা নিয়ে পৌঁছাই। আমার সহকারী পরিচালক হিসেবে ছিলেন ভিকি কৌশল।'

ভিকিকে গ্রেপ্তারের কারণ ব্যাখ্যা করে অনুরাগ কাশ্যপ বলেন, অবৈধ খনন কাজের দৃশ্যের শুটিং চলাকালীন লোকেশনে হাজির হয় পুলিশ। সিনেমাটির কলাকুশলী অবৈধ খননের সঙ্গে যুক্ত থাকতে পারেন, এই সন্দেহে ভিকি ও অন্য একজনকে সেট থেকে গ্রেপ্তার করে।'

'গ্যাংস অব ওয়াসিপুর' সিনেমায় আরো অভিনয় করেন নওয়াজউদ্দিন সিদ্দিকি, মনোজ বাজপেয়ী, পঙ্কজ ত্রিপাঠি, হুমা কুরেশি, পীযূষ মিশ্রা, রিচা চাড্ডা, রীমা সেন, রাজকুমার রাও প্রমুখ। ২০১২ সালে মুক্তি পায় সিনেমাটি।

উল্লেখ্য, বলিউডে ২০১২ সালেই অভিনেতা হিসেবে আত্মপ্রকাশ করেন ভিকি কৌশল। তারপরের গল্প কারো অজানা নয়। দর্শকদের প্রশংসা কুড়ানোর পাশাপাশি ভিকি জিতে নিয়েছেন ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কার। অর্থ-খ্যাতি যেমন ধরা দিয়েছে, স্ত্রী হিসেবে ঘরে তুলেছেন ক্যাটরিনা কাইফকে। সংসারের পাশাপাশি অভিনয়েও মন দিয়েছেন ভিকি।

ভিকি অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'স্যাম বাহাদুর'। গত বছর মুক্তি পায় এটি। তার পরবর্তী সিনেমা 'ব্যাড নিউজ'। এতে তৃপ্তি দিমরির সঙ্গে জুটি বেঁধে অভিনয় করছেন তিনি। সবকিছু ঠিক থাকলে আগামী ১৯ জুলাই মুক্তি পাবে সিনেমাটি।

## সালমানের বাড়িতে গুলি, ইউটিউবার গ্রেফতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সালমান খানের শনির দশা যেন কাটছেই না। নানা রকম গোলমালে নাম জড়াচ্ছে বলিউড ভাইজানের। আসছে হরেক বিপদও। এবার সালমান খানের বাড়িতে গুলি চালানোর ঘটনায় নতুন করে এক ইউটিউবারকে গ্রেফতার করেছে মুম্বাই পুলিশ। রাজস্থান থেকে তাকে গ্রেফতার করা হয়।

চলতি বছরের ১৪ এপ্রিল ভোরে সালমান খানের বান্দ্রার বাড়ির বাইরে পাঁচটি গুলি ছোড়া হয়। এরপরই অভিযুক্তদের গ্রেফতারে অভিযান শুরু করে পুলিশ।

সালমানের বাড়িতে গুলি চালানোর ঘটনায় সদ্য গ্রেফতার হয়েছেন বনওয়ারিলাল লতুরলাল গুজর। তিনি রাজস্থানের বুন্দির বাসিন্দা।

মুম্বাই পুলিশের ক্রাইম ব্রাঞ্চের এক কর্মকর্তা সংবাদমাধ্যমকে জানিয়েছেন, গুজর তার ইউটিউব চ্যানেলে একটি ভিডিও আপলোড করেছিলেন। ওই ভিডিওতে তিনি বলেছিলেন, কুখ্যাত গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই, গোল্ডি ব্রারসহ গ্যাংয়ের অন্য সদস্যরা তার সঙ্গে আছে।

ভিডিওতে গুজর আরও বলেন, তারা সালমান খানকে হত্যা করতে চাচ্ছিলে। কারণ, তিনি এখনো ক্ষমা চাননি।

## বেলজিয়ামকে হারিয়ে

# স্লোভাকিয়ার 'অঘটন'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রতিপক্ষের ভুলে শুরুতেই গোল আদায় করে নিল স্লোভাকিয়া। এগিয়ে যাওয়ার পর আরও উজ্জীবিত ফুটবল খেলল তারা। বিবর্ণতার খোলস ছেড়ে বের হতে মরিয়া চেষ্টা করল বেলজিয়াম, কিন্তু কাঙ্ক্ষিত জালের দেখা পেল না। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের ইতিহাসে সেরা অঘটনগুলোর একটির জন্ম দিল স্লোভাকিয়া। লিখল নিজেদের ফুটবল ইতিহাসে স্মরণীয় এক জয়ের গল্প।

জার্মানির স্টুটগার্টে সোমবার (১৭ জুন) 'ই' গ্রুপের ম্যাচে ১-০ গোলে জিতেছে স্লোভাকিয়া। ম্যাচের ভাগ্য গড়ে দেওয়া গোলটি করেছেন ইভান শারাঞ্জ। বেলজিয়ামের বিপক্ষে এটাই তাদের প্রথম জয়। শক্তি-সামর্থ্যে তো বটেই, বর্তমানে ফিফা র‍্যাঙ্কিংয়েও এই দুই দলের মাঝে বিস্তর ফারাক। স্লোভাকিয়ার যেখানে র‍্যাঙ্কিংয়ে অবস্থান ৪৮ নম্বরে, সেখানে বেলজিয়াম আছে তৃতীয় স্থানে, মাঝে দীর্ঘদিন তো তারা ছিল চূড়ায়।

এদিনের লড়াইয়ের আগেও বেলজিয়ামকে ধরা হচ্ছিল নিশ্চিত ফেভারিট; কিন্তু মাঠে সব পাল্টে গেল। বাছাইপর্বে রেকর্ড সংখ্যক গোল করা লুকাকু দুইবার জালের দেখা পান, তবে ভিএআরে দুইবারই তা বাতিল হয়ে যায়। দুই দলের আগের তিন দেখায় বেলজিয়ামের জয় ছিল একটি। বাকি দুই ম্যাচ হয়েছিল ড্র। গত ফেব্রুয়ারিতেই প্রীতি ম্যাচে স্লোভাকিয়ার বিপক্ষে প্রথম জয় পেয়েছিল বেলজিয়াম; ২-১ ব্যবধানে। জুন মাসে এসেই উল্টো অভিজ্ঞতা হলো তাদের।

এদিন শুরু থেকে বেলজিয়ামের চোখে চোখ রেখে খেলতে থাকে স্লোভাকিয়া। সপ্তম মিনিটে প্রতিপক্ষের ভুলের সুযোগ কাজে লাগিয়ে গোলও আদায় করে নেয় প্রতিযোগিতার ১৯৭৬ সালের চ্যাম্পিয়ন। নিজেদের বক্সে সতীর্থের বাড়ানো দুর্বল পাস ছুটে গিয়ে নিয়ন্ত্রণে নিতে পারেননি জেরেমি ডোকু, বল পেয়ে ব্যাকপাস দেন ইভান শারাঞ্জ। ইউরাই কুচকার জোরাল শট ঠেকালেও বিপদমুক্ত করতে পারেননি গোলরক্ষক, আলগা বল পেয়ে দুরূহ কোণ থেকে লক্ষ্যভেদ করেন ফরোয়ার্ড শারাঞ্জ।

১৬তম মিনিটে কেভিন ডে ব্রুইনের পাস ধরে ডোকুর নেওয়া শট প্রতিহত হয় রক্ষণে। পাঁচ মিনিট পর লেসান্দ্রো ত্রোসার্দের শট উড়ে যায় ক্রসবারের অনেক ওপর দিয়ে। ৩১তম মিনিটে রবার্ট বোজেনিকের ডান পায়ের শট আটকে ব্যবধান দ্বিগুণ হতে দেননি গোলরক্ষক কুস কাস্তেলস। পাঁচ মিনিট পর ডে ব্রুইনের ক্রসে আমাদু ওনানার হেড পারেনি বেলজিয়ামকে ঘুরে দাঁড়ানোর উপলক্ষ এনে দিতে। ৪০তম মিনিটে আরেকটি দারুণ সেভ করেন কাস্তেলস। লুকাস হারাসলিনের জোরাল শট কোনোমতে ঝাঁপিয়ে এক হাতে ফেরান তিনি।

৫৬তম মিনিটে হেডে জালে বল জড়িয়ে উচ্ছ্বাসে মেতেছিলেন লুকাকু, কিন্তু ভিএআরের চেকে ধরা পড়ে অফসাইডে ছিলেন তিনি। ছয় মিনিট পর বেলজিয়ামের হতাশা বাড়ে আরও। ডান দিক থেকে আসা ক্রস আটকালেও বল গ্লাভসে জমাতে পারেননি কাস্তেলস। বল চলে যায় ইয়োহান বুকায়োর পায়ে; তার ফিরতি শট গোললাইন থেকে ফেরান ডেভিড হাঙ্কো।

ভিএআরের সিদ্ধান্তে ৮৬তম মিনিটে আরেক দফা হতাশা সঙ্গী হয় বেলজিয়ামের। বাইলাইনের একটু ওপর থেকে সতীর্থের বাড়ানো কাটব্যাকে বল পেয়ে জোরাল শটে বল জালে পাঠান লুকাকু, নেচে ওঠে বেলজিয়ামের ডাগআউট। তবে আক্রমণের শুরুতে ওপেন্ডার সম্ভাব্য হ্যান্ডবলের দাবি তোলে স্লোভাকিয়া, ভিএআর মনিটরে দেখে গোল না দিয়ে হ্যান্ডবলের বাঁশি বাজান রেফারি। হারের হতাশা সঙ্গী করে মাঠ ছাড়তে হলো বেলজিয়ামকে।

## ইউরো ২০২৪ : অস্ট্রিয়ার ভুলে জয়ে শুরু ফ্রান্সের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রতিপক্ষের ভুলে এগিয়ে যাওয়ার পর দ্বিতীয়ার্ধে আক্রমণে ঝড় তুলল এমবাপে-গ্রিজমানরা। কিন্তু ফিনিশিংয়ের দুর্বলতায় আর গোলের দেখা পেল না তারা। সমানতালে লড়াই করল অস্ট্রিয়াও। তাতে শেষ মিনিট পর্যন্ত সম্ভাবনা বাঁচিয়ে রাখল তারা, কিন্তু পারল না স্মরণীয় কিছু করতে। কষ্টে হলেও, ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের শুরুটা জয়ে রাঙাল ফরাসিরা।

ডুসেলডর্ফে সোমবার রাতে ১-০ গোলে জিতেছে দিদিয়ে দেশমের দল।

অস্ট্রিয়ার গত প্রায় দুই বছরের পারফরম্যান্স দারুণ আশা জাগানিয়া। বাছাইপর্বে আট ম্যাচের ছয়টিতে জয়ী দলটি সব মিলিয়ে সবশেষ ১৭ ম্যাচের প্রতিটিতেই পেয়েছে জালের দেখা। ২০২২ সালের সেপ্টেম্বরে নেশন্স লিগে ফ্রান্সের বিপক্ষে ম্যাচেই সবশেষ গোল করতে ব্যর্থ হয়েছিল তারা, সেই ফ্রান্সেই আবার আটকাল দলটি।

দলের সেরা তারকার নৈপুণ্যে ম্যাচের অষ্টম মিনিটেই এগিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ পেয়ে যায় ফ্রান্স। আদ্রিওঁ রাবিওর পাস ধরে বক্সে ঢুকে শট নেন এমবাপে, ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে ঠেকান গোলরক্ষক পাত্রিক পেন্স।

প্রথম ২০ মিনিটে ফরাসিদের আধিপত্যের পর পাল্টা আক্রমণে উঠতে শুরু করে অস্ট্রিয়া। পরিষ্কার সুযোগ যদিও তারা তৈরি করতে পারছিল না, তবে প্রতিপক্ষের রক্ষণের ভালোই পরীক্ষা নিচ্ছিল।

প্রতিপক্ষের সঙ্গে সমানতালে লড়ার মাঝেই ৩৮তম মিনিটে আত্মঘাতী হয়ে ওঠে অস্ট্রিয়া। পরপর দুটি ভুলে হজম করে গোল।

নিজেদের ডি-বক্সের পাশে অস্ট্রিয়া পজেশন হারালে সতীর্থের পা ঘুরে বল পেয়ে এমবাপে বক্সে ঢুকে পড়েন। এরপর দুজনের বাধা এড়িয়ে গোলমুখে অঁতোয়ান গ্রিজমানকে খুঁজে নেওয়ার চেষ্টা করেন তিনি; কিন্তু মাঝপথে হেডে ক্লিয়ার করতে গিয়ে নিজেদের জালে পাঠিয়ে দেন ডিফেন্ডার মাক্সিমিলিয়ান উবা।

৫৪তম মিনিটে দল ও সমর্থকদের হতাশায় ডুবিয়ে সুবর্ণ একটা সুযোগ নষ্ট করেন এমবাপে। মাঝমাঠের আগে থেকে সতীর্থের বাড়ানো পাস একজনের চ্যালেঞ্জের মুখে ধরে, গতিতে প্রতিপক্ষের আরেকজনকে পেছনে ফেলে বক্সে ঢুকে পড়েন তিনি, সামনে তখন একমাত্র বাধা গোলরক্ষক; কিন্তু অবিশ্বাস্যভাবে লক্ষ্যভ্রষ্ট শট নেন বিশ্বকাপজয়ী তারকা।

পরপর দুই মিনিটে নিশ্চিত আরও দুটি সুযোগ পায় ফ্রান্স; কিন্তু ব্যর্থতার জাল ছিড়তে পারেনি তারা। ৬৭তম মিনিটে থিও এরনঁদেজের গোলমুখে বাড়ানো বলে টোকা দিতে পারেননি গ্রিজমান, আর মার্কাস থুরামের শট ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন গোলরক্ষক।

শেষ দিকে প্রতিপক্ষের বক্সে হেড করতে গিয়ে অস্ট্রিয়ান ডিফেন্ডার কেভিন দান্সোর কাঁধে লেগে মুখে আঘাত পান এমবাপে। বেশ কিছুক্ষণ সেখানেই পড়ে থাকেন তিনি। প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর উঠে দাঁড়ান, তার নাক দিয়ে রক্ত পড়তে দেখা যায়। মাঠ থেকে বেরিয়ে আসার সময় হঠাৎ কী বুঝে, ফিরে গিয়ে মাঠে বসে পড়েন তিনি। তাতে বেরিয়ে যাওয়ার আগে অহেতুক হলুদ কার্ড দেখেন সম্প্রতি রেয়াল মাদ্রিদে নাম লেখানো এই ফরোয়ার্ড।

তার বদলি নামা অলিভিয়ে জিরু যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে নিশ্চিত একটি সুযোগ হাতছাড়া করেন। সতীর্থের পাস পেনাল্টি স্পটের কাছে পেয়ে ঠিকমতো শটই নিতে পারেননি অভিজ্ঞ এই স্ট্রাইকার। ফলে বাড়েনি ব্যবধান।

আগের দিন এই গ্রুপের প্রথম ম্যাচে পোল্যান্ডকে ২-১ গোলে হারায় নেদারল্যান্ডস। ফ্রান্সের সমান ৩ পয়েন্ট হলেও গোলের হিসেবে শীর্ষে আছে তারা।

## চার ওভারে কোনও রান না দিয়ে ৩ উইকেট,

# ইতিহাসের পাতায় ফার্গুসন




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপে সৃষ্টি হলো এক অনন্য বিশ্বরেকর্ড। অবিশ্বাস্য বোলিংয়ে নজির গড়লেন নিউজিল্যান্ডের পেস বোলার লকি ফার্গুসন। নিউজিল্যান্ড ও পাপুয়া নিউগিনির মধ্যকার নিয়ম রক্ষার ম্যাচে এই নজির গড়লেন তিনি। চার ওভার হাত ঘুরিয়ে চারটিই মেডেন নিলেন ফার্গুসন। সেই সঙ্গে তার ঝুলিতে তিনটি উইকেট। এর আগে ২০২১ সালের ১৪ নভেম্বর কানাডার সাদ বিন জাফর পানামার বিরুদ্ধে ৪ ওভার বল করে ৪টি মেডেন নিয়েছিলেন। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে এতদিন এটিই ছিল সর্বোচ্চ ডট বল করার রেকর্ড। লকি ফার্গুসন নতুন নজির গড়লেন ১৭ জুন। অথচ ফার্গুসন মাঠে নামার আগে বিশ্বকাপে সবচেয়ে বেশি ডট বল করার রেকর্ড এদিন সকালেই গড়েছিলেন বাংলাদেশের পেসার তানজিম হাসান শাকিব। নেপালের বিপক্ষে ২১ টি ডট বল করেছিলেন তিনি। সেই রেকর্ড ২৪ ঘণ্টাও টিকল না। পাপুয়া নিউগিনির বিরুদ্ধে নতুন নজির গড়লেন ফার্গুসন। ফার্গুসনকে এদিন খেলতেই পারেননি পাপুয়া নিউগিনির ব্যাটাররা। তার এই স্বপ্নের স্পেলে তিনটি উইকেট নেন লকি। আসাদ ভালা, চার্লস আমিনি ও সোপারের উইকেট নেনঈএঙ্গ কিউই বোলার। পঞ্চম ওভারে তার হাতে বল তুলে দেওয়া হয়।

প্রথম বলেই লকি ফার্গুসন উইকেট পান। আসাদ ভালাকে স্লিপে তালুবন্দি করেন ডারিল মিচেল। পরবর্তী ওভার গুলোয় ফার্গুসন ক্রমাগত লাইন ও লেন্থের পরিবর্তন করে পাপুয়া নিউগিনির ব্যাটারদের বিব্রত করতে থাকেন। চার্লস আমিনিকে এলবিডব্লিউ করেন লকি। সোপারকে বোল্ড করেন তিনি। অসামান্য এক কীর্তি তৈরি করলেন লকি।

## বারবার একই গ্রুপে

# ভারত-পাকিস্তান, চটে গেলেন শেবাগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উপমহাদেশে ক্রিকেট মানেই উত্তেজনা। তার ওপর ভারত-পাকিস্তান ম্যাচ হলে তো কথাই নেই ! তবে চলতি টি টোয়েন্টি বিশ্বকাপ থেকে আগেভাগেই বিদায় নিয়েছে পাকিস্তান। আর তাতে টুর্নামেন্টের উত্তেজনাটা কিছুটা হলেও কমে গেছে। এবার এই ইস্যুতে আইসিসিকে কটাক্ষ করলেন ভারতের সাবেক ক্রিকেটার ও বর্তমান ধারাভাষ্যকার বিরেন্দ্র শেহবাগ।

চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপেও একই গ্রুপে ছিল পাক-ভারত, যেখানে ইতোমধ্যে বিদায় হয়ে গেছে বাবর আজমদের। এরপর দুই দলকে একই গ্রুপে রাখা নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানান বীরেন্দর শেবাগ।

ভারত-পাকিস্তানের ম্যাচ মানেই হাইভোল্টেজ লড়াই ও টানটান উত্তেজনা। ক্রিকেট বিশ্বে গোটা উপমহাদেশের বড় আকর্ষণও ভারত-পাকিস্তান ম্যাচকে ঘিরে। এই দুই প্রতিদ্বন্দ্বী দলের কোনো একটি না থাকলে টুর্নামেন্টের উত্তেজনাই কমে যায়। এ কথা পুরো ক্রিকেট দুনিয়া জানে। এর পেছনে নিয়ামকের ভূমিকা রাখা আইসিসির কাছেও ব্যাপারটা অজানা নয়। সবচেয়ে বড় কথা, এর পেছনে স্পন্সরশিপেরও ব্যাপার আছে।

সেসব মাথায় রেখেই আইসিসি বারবার ভারত ও পাকিস্তানকে এক গ্রুপে রেখেছে। ২০২১ এবং ২০২২ সালেও একই নজির দেখা গিয়েছিল। ওই সময় ভারত-পাকিস্তান ম্যাচ বিপুল জনপ্রিয়তার কেন্দ্রে ছিল। এবারের ম্যাচ নিয়েও দারুণ রোমাঞ্চ ছিল সংশ্লিষ্ট সবার মাঝে। সাবেক ভারতীয় তারকা শেবাগ মনে করছেন -ভারত বা পাকিস্তান যদি পরবর্তী রাউন্ডে না ওঠে, সেটা ভেবেই আইসিসি ভারত-পাকিস্তানকে এক গ্রুপে রেখেছে। যাতে দুই দল অন্তত গ্রুপের খেলায় একবার মুখোমুখি হয়।

এই প্রসঙ্গে ২০০৭ বিশ্বকাপের উদাহরণও টেনেছেন শেবাগ, '২০০৭ সালে আমরা (ভারত) এবং পাকিস্তান কেউই দ্বিতীয় রাউন্ডের যোগ্যতা অর্জন করতে পারিনি। যদিও তখন আলাদা গ্রুপে ছিলাম।' দ্বিতীয় রাউন্ডে দুই দল যেতে না পারায়, ওই টুর্নামেন্টে ভারত-পাকিস্তান মুখোমুখি হয়নি। এতে টুর্নামেন্টের উত্তেজনাও হ্রাস পায়। সেটি স্মরণ করিয়ে দিয়ে আইসিসিকে কটাক্ষ শেবাগের, 'এবার আইসিসি দুই দলকে আলাদা গ্রুপে রাখবে। আর সেই গ্রুপে তেমন কোনো দলকে রাখবে না, যারা ভারত বা পাকিস্তানকে হারাতে পারে।'

এবারের টি-২০ বিশ্বকাপে পাকিস্তান যদি গ্রুপের রানার্সআপও হত, এরপর সুপার এইট পেরিয়ে আবারো ভারতের মুখোমুখি হওয়ার সম্ভাবনা ছিল। কিন্তু সেটা হয়নি। পাকিস্তান গ্রুপে ভারতের কাছে তো হেরেছেই, এমনকি টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রথমবার খেলতে আসা আমেরিকার কাছেও পরাজিত হয়েছে। যদিও পরে টুর্নামেন্ট থেকে ছিটকে যাওয়ার কারণ হিসেবে পাকিস্তান বৃষ্টিকে দায় দিচ্ছে। এ নিয়ে পাকিস্তান দলকেও কটাক্ষ করেছেন শেবাগ। তিনি বলছেন, 'প্রয়োজনীয় রান তুলতে না পেরে পাকিস্তান হেরে গেছে। অযথা বৃষ্টির দোহাই দিয়ে লাভ কি?'

## ইউরো চ্যাম্পিয়নশিপে

# ২৪ বছর পর রোমানিয়ার জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভাবনীয় এক ভুল করে বসলেন ইউক্রেনের গোলরক্ষক আন্দ্রি লুনিন। রোমানিয়ার জন্য খুলে গেল গোলের দুয়ার। উজ্জীবিত পারফরম্যান্সে পরে তারা প্রতিপক্ষের জালে বল পাঠাল আরও দুইবার। মাঠ ছাড়ল স্মরণীয় এক জয়ের আনন্দে।

ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে সোমবার (১৭ জুন) 'ই' গ্রুপের ম্যাচটি ৩-০ গোলে জিতেছে রোমানিয়া। মিউনিখের আলিয়াঞ্জ অ্যারেনায় তাদের গোল তিনটি করেছেন নিকোলাই স্তানচু, রাজভান মারিন ও দেনিস দ্রাগাস। ইউরোর ৬টি আসরে অংশ নিয়ে ১৭ ম্যাচে রোমানিয়ার মাটড় দ্বিতীয় জয় এটি। প্রথমটি ছিল ২০০০ সালে গ্রুপ পর্বে ইংল্যান্ডের বিপক্ষে ৩-২ গোলে। ওই জয়ে রোমানিয়া উঠেছিল কোয়ার্টার-ফাইনালে, গ্রুপ পর্ব থেকে বিদায় নিয়েছিল ইংল্যান্ড।

ম্যাচের আগে পরিষ্কার ফেভারিট ছিল ইউক্রেন। তবে মাঠের খেলায় তারা মেলে ধরতে পারেনি নিজেদের। লক্ষ্যে প্রথম শট নিতে তাদের লাগে ৭৭ মিনিট! পুরো ম্যাচে ৭১ শতাংশ সময় বল দখলে রেখে গোলের জন্য ১৩টি শট নিলেও মাত্র ২টি লক্ষ্যে রাখতে পারে তারা। রোমানিয়ার ৯ শটের ৫টি লক্ষ্যে ছিল, যার তিনটিই সফল।

২০২২ সালের ফেব্রুয়ারিতে ইউক্রেনে রাশিয়ার আগ্রাসন শুরুর পর এই প্রথম বড় কোনো টুর্নামেন্টে খেলছে ইউক্রেন। গত আসরের কোয়ার্টার-ফাইনালে খেলা ইউক্রেন শুরু থেকে বল দখলে আধিপত্য করলেও পরিষ্কার সুযোগ তৈরি করতে পারছিল না। ২৯তম মিনিটে লুনিনের মারাত্মক ভুলে গোল হজম করে তারা। সতীর্থের ব্যাক-পাস পেয়ে রেয়াল মাদ্রিদ গোলরক্ষক বল তুলে দেন প্রতিপক্ষের পায়ে। দেনিস মানের পাসে ২০ গজ দূর থেকে প্রথম স্পর্শে স্তানচুর বুলেট গতির শট ওপরের কোণা দিয়ে জাল খুঁজে নেয়।

৩৯তম মিনিটে স্তানচু দ্বিতীয় গোল পেয়েই যাচ্ছিলেন প্রায়। তার কর্নারে বল শেষ মুহূর্তে জালে যাচ্ছিল, তবে লুনিনের হাত ছুঁয়ে ক্রসবারে লাগে। ৫৩তম মিনিটে দারুণ এক প্রতি-আক্রমণে ব্যবধান দ্বিগুণ করে রোমানিয়া। বক্সের সামনে দানিস মান বলের নিয়ন্ত্রণ হারানোর পর ছুটে গিয়ে নিচু শট নেন মারিন, বল ঝাঁপিয়ে পড়া লুনিনের হাতের নিচ দিয়ে জালে জড়ায়।

চার মিনিট পর স্কোরলাইন ৩-০ করে ইউক্রেনের ঘুরে দাঁড়ানোর পথ আরও কঠিন করে তোলে রোমানিয়া। দেনিস মান ডান দিক দিয়ে বক্সে ঢুকে একজনকে কাটিয়ে দুই জনের মাঝ দিয়ে পাস দেন ছয় গজ বক্সে। প্রথম স্পর্শে অনায়াসে জালে পাঠান দ্রাগাস।

৭৭তম মিনিটে হিওরহি সুদাকভের ২৫ গজ দূর থেকে নেওয়া শট ব্যর্থ করে দেন রোমানিয়ার গোলরক্ষক। যোগ করা সময়ে মিখাইলো মুদ্রিকের শট ক্রসবারের ওপর পড়ে বাইরে যায়। কোনো গোল তাই পাওয়া হয়নি ইউক্রেনের।

## প্যারিস অলিম্পিকসে

# এমবাপেকে পাওয়া যাবে না



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিকসে খেলতে মুখিয়ে থাকার কথা বললেও নিজের ইচ্ছা বিসর্জন দিতে হচ্ছে কিলিয়ান এমবাপেকে। বিশ্বের সবচেয়ে বড় ক্রীড়াযজ্ঞে ফরাসি এই তারকা খেলুক, সেটি চায় না তার নতুন ক্লাব রিয়াল মাদ্রিদ। তাই আসছে আসরে অংশ না নেওয়ার কথা নিজেই নিশ্চিত করেছেন এমবাপে।

অলিম্পিকস ফুটবল ফিফা পঞ্জিকার অংশ নয়। তাই ক্লাবগুলো তাদের খেলোয়াড়দের ছেড়ে দিতেও বাধ্য নয়। রিয়ালের সঙ্গে চুক্তি চূড়ান্ত করার আগে থেকেই এমবাপের অলিম্পিকসে খেলা নিয়ে শঙ্কা জাগে। এবার সেটাই সত্যি হওয়ার কথা জানালেন বিশ্বকাপজয়ী এই ফরোয়ার্ড।

ঘরের মাঠে অনুষ্ঠেয় অলিম্পিকসে খেলতে মুখিয়ে থাকার কথা গত মার্চে বলেছিলেন এমবাপে। তবুও আসরের জন্য চলতি মাসের শুরুতে দেওয়া ২৫ সদস্যের প্রাথমিক দলে তাকে রাখেননি কোচ থিয়েরি অঁরি। তবে ২৫ বছর বয়সী এই ফুটবলারের জন্য দরজা খোলা রাখার কথা বলেছিলেন কোচ।

কিন্তু অলিম্পিকসে খেলার দরজা এবার নিজেই বন্ধ করে দিলেন এমবাপে। ইউরো খেলতে এখন জার্মানিতে আছেন তিনি। অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচের আগের সোমবার (১৭ জুন) সংবাদিকদের সে কথা নিশ্চিত করেন পিএসজির সাবেক তারকা।

এমবাপে বলেন, “আমার ক্লাবের অবস্থান একদম পরিষ্কার। তাই ওই মুহূর্ত থেকে আমি জানতাম যে, গেমসে (অলিম্পিকস) অংশ নেব না। এভাবেই আসলে হয় এসব, আমিও সেটা বুঝি। সেপ্টেম্বরে নতুন দলে যোগ দিচ্ছি, রোমাঞ্চকর পথচলা শুরু করার এটা সেরা উপায় নয়। ফরাসি দলকে শুভকামনা জানাব। আমি প্রতিটি খেলা দেখব। আশা করি তারা স্বর্ণপদক জিতবে।”

পাঁচ বছরের চুক্তিতে গত ৩ জুন স্বপ্নের ক্লাব রিয়ালে যোগ দেন এমবাপে। চলতি ইউরো শেষ হওয়ার ১০ দিন পর আগামী ২৪ জুলাই শুরু হবে অলিম্পিকসে ছেলেদের ফুটবল ইভেন্টের খেলা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR